**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 16-04.2026** **Time : 1-40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের জন্য ভোটার ইনফর্মেশন স্লিপ বিতরণ শুরু করেছে।

২/ প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জোরদার হয়েছে নির্বাচনী প্রচার।

৩/ বকেয়া মহার্ঘ্যভাতা মেটানোর দাবীতে যেসমস্ত কর্মী ১৩'ই মার্চ বন্‌ধে অংশ নিয়েছিলেন, তাঁদের বেতন কাটা বা অন্য কোনো ব্যবস্থা নেওয়া যাবেনা বলে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪/ CBSE, এবছর থেকে দশম শ্রেণির পরীক্ষায় মেধাতালিকা প্রকাশ করছে না।

৫/ বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গে আজ ও আগামীকাল বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

৬/ ISL ফুটবলে আজ যুবভারতীতে ইস্টবেঙ্গল, ব্যাঙ্গালুরু FC-র মুখোমুখি হবে।

************************************************************************

প্রথম দফার ভোটের আগে নির্বাচন কমিশন, ১৫২ টি আসনের ভোটারদের জন্য ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণের কাজ শুরু করেছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, ভোটের অন্তত পাঁচ দিন আগে সমস্ত ভোটারের হাতে এই স্লিপ পৌঁছনোর কাজ শেষ করতে হবে। বুথ স্তরের আধিকারিকরা বাড়ি বাড়ি গিয়ে সরাসরি ভোটারদের হাতে এই স্লিপ তুলে দিচ্ছেন। ভোটারের নাম, ভোটকেন্দ্রের ঠিকানা, ভোটের তারিখ ও সময় ইত্যাদি সমস্ত তথ্য ঐ স্লিপে থাকছে।

পাশাপাশি ভোটকেন্দ্রের একটি মানচিত্র এবং ভোটের দিন কী করণীয়, সেই নির্দেশিকাও রয়েছে। কিউআর কোডের মাধ্যমে দ্রুত তথ্য যাচাইয়ের সুবিধাও রাখা হয়েছে। বিশেষ ভাবে সক্ষম ভোটারদের জন্য ব্রেইল-সহ বিশেষ স্লিপ দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে। কমিশন জানিয়েছে, এই স্লিপ দ্রুত ভোটগ্রহণে সাহায্য

করবে। তবে তা কোনওভাবেই পরিচয়পত্র হিসেবে গৃহীত হবে না। ভোট দিতে গেলে কমিশন নির্ধারিত বৈধ পরিচয়পত্র দেখানোই বাধ্যতামূলক।

*******************************************************************************

ভোটের আগে অশান্তিপ্রবণ এলাকাগুলিতে মানুষের আস্থা ফেরাতে রাজ্য সরকার জেলা প্রশাসন ও পুলিশকে একযোগে মাঠে নামার নির্দেশ দিয়েছে। মুখ্যসচিবের দফতর থেকে জারি করা নির্দেশিকায় স্পষ্ট বলা হয়েছে, অতীতের ভোটে যেখানে হিংসা বা ভয় দেখানোর অভিযোগ উঠেছিল, সেই সব এলাকা চিহ্নিত করে দ্রুত পরিদর্শন করতে হবে। জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারদের যৌথভাবে এই কাজ করতে হবে।

এ'সংক্রান্ত রিপোর্ট আজ (১৬ই এপ্রিল) বিকেল ৫টার মধ্যে জমা দিতে বলা হয়েছে।

এদিকে, হাওড়া জেলার জেলাশাসক তথা নির্বাচনী আধিকারিক এবং পুলিশ কমিশনার, গতকাল বিভিন্ন অশান্তিপ্রবণ এলাকা ঘুরে দেখেন।

*******************************************************************************

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনে উত্তরবঙ্গের একাধিক ভোটকেন্দ্র ঘিরে নিরাপত্তা নিয়ে বাড়তি সতর্ক নির্বাচন কমিশন। যেসব ভোটকেন্দ্রে পাঁচিল নেই এবং আশপাশ জঙ্গল বা ঝোপঝাড়ে ঘেরা, সেই সব বুথে এবার বিশেষ ব্যবস্থা করা হচ্ছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, এই ধরনের কেন্দ্রগুলিকে চিহ্নিত করে সেখানে অস্থায়ী বাঁশের বেড়া তৈরি করা হবে। ওই বেড়ার ভিতরেই থাকবে ভোটকেন্দ্র এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা সেখানেই মোতায়েন থাকবেন। এর ফলে বাইরে থেকে সহজে কেউ বুথ এলাকায় ঢুকতে পারবেন না। নির্দেশিকায় বলা হয়েছে, শুধুমাত্র বৈধ ভোটার পরিচয়পত্র থাকলেই ভোটাররা ওই নির্দিষ্ট বেড়ার ভিতরে প্রবেশ করতে পারবেন। অন্য কাউকে প্রবেশ করতে দেওয়া হবে না। পর্যবেক্ষকদের রিপোর্ট অনুযায়ী, এই ধরনের সব বুথকেই সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। সেই কারণেই সেখানে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হচ্ছে।

*******************************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনে মুর্শিদাবাদ জেলায় নজিরবিহীন সুরক্ষার ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন। রাজ্যের মধ্যে সর্বাধিক কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে এই জেলাতেই। জঙ্গীপুর পুলিশ জেলায় ৭৬ কোম্পানী এবং মুর্শিদাবাদ পুলিশ জেলা ২৪০ কোম্পানী আধা সামরিক বাহিনী মোতায়েন থাকছে। এর মধ্যে ১৪১ কোম্পানী ইতমধ্যেই সেখানে পৌঁছেছে। আরো ১৭৫ কোম্পানী আগামী কয়েক দিনের মধ্যে এসে যাবে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন। বর্তমানে প্রতিটি থানা এলাকায় অশান্তিপ্রবণ বুথ বাছাই-এর কাজ চলেছে।

উল্লেখ্য, আগামী ২৩ শে এপ্রিল জেলার মোট ৫'হাজার ৮৯৫ টি বুথে ভোট গ্রহণ।

*******************************************************************************

রাজারহাট গোপালপুর বিধানসভা কেন্দ্রের তৃণইমূল কংগ্রেস প্রার্থী অদিতি মুন্সির হলফনামায় ত্রুটির অভিযোগে মামলা দায়ের করেছেন, সেই কেন্দ্রের নির্দল প্রার্থী অরিন্দম ঘোষ। মামলা দায়েরের অনুমতি দিয়েছেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাও। আগামী সোমবার মামলাটির শুনানি হওয়ার সম্ভাবনা।

*************************************************************************

রাজ্যে প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে নির্বাচনী প্রচার জোরদার হয়ে উঠেছে।

বিজেপি নেতা ও আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আজ রাজ্যে প্রচারে অংশ নিচ্ছেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ একাধিক জনসভা করছেন।

পশ্চিমবঙ্গে নির্বাচন হয়না, করানো হয় বলে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন। আজ কলকাতা বিমান বন্দরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, রাজ্যে ১৫ বছর ধরে তৃণমূল কংগ্রেস এগিয়ে বাংলা স্লোগান দিলেও, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সম্ভব হচ্ছেনা।

( বাইট- শমীক )

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আজ কোচবিহারের মাথাভাঙায় সভামঞ্চ থেকে SIR নিয়ে নির্বাচন কমিশন এবং বিজেপির সমালোচনা করেন।

( বাইট- মমতা )

তিনি আজ মাথাভাঙ্গা ছাড়াও দিনহাটা এবং আলিপুরদুয়ারে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

*************************************************************************

দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীতে, বিজেপি প্রার্থী বিকাশ সর্দারের প্রচারে ফের বাধা দেওয়ার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। আজ সকালে প্রার্থী আমঝাড়াপোল এলাকায় প্রচারে গেলে, তাঁদের ওপর হামলা চলে বলে অভিযোগ। বাসন্তীর তৃণমূল কংগ্রেস নেতা রাজা গাজীর নেতৃত্বে এই হামলা বলে বিজেপির দাবী। তার গ্রেপ্তারির দাবীতে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছেন বিজেপি প্রার্থী।

অন্যদিকে, প্রচারে বেরিয়ে শাসক দলের কর্মী সমর্থকদের বিরুদ্ধে বাধা দেওয়ার অভিযোগ তুলেছেন, বনগাঁ উত্তরের বিজেপি প্রার্থী অশোক কীর্তনীয়া। জানা গেছে, গতকাল সকালে বনগাঁ পুরসভার ১৪ নম্বর ওয়ার্ডের প্রচারে গেলে, সেখানকার কাউন্সিলারের নেতৃত্বে প্রার্থীকে বাধা দেওয়া হয়। বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে ধাক্কাধাক্কি হয় তৃণমূল কংগ্রেস কর্মীদের। এরপর বনগাঁ থানা ঘেরাও করে বিজেপির তরফে বিক্ষোভ দেখানো হয়।

*************************************************************************

বিধানসভা নির্বাচনে দলের টিকিট না পাওয়ায়, জলঙ্গীর বিদায়ী বিধায়ক আব্দুর রজ্জাক তৃণমূল কংগ্রেস ছেড়েছেন। আজ সাংবাদিকদের কাছে তিনি একথা জানান।

অন্যদিকে, কোচবিহার জেলার মেখলিগঞ্জে দল পরেশ অধিকারীকে টিকিট দেওয়ায়, ক্ষোভে তৃণমূল কংগ্রেস ছেড়েছেন হলদিবাড়ি পৌরসভার ওই দলের কাউন্সিলার পূরবী রায় প্রধান। গতকাল তিনি বিজেপিতে যোগ দেন। বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক বাপী গোস্বামীর হাত থেকে দলীয় পতাকা তুলে নেন তিনি। শিক্ষা দুর্নীতির প্রতিবাদেই তাঁর দলত্যাগ বলে ওই তৃণমূল কংগ্রেস কাউন্সিলার জানিয়েছেন।

*************************************************************************

কোচবিহারের তুফানগঞ্জ দু-নম্বর ব্লকে, ভোটের কাজে এসে নিরাপত্তা বাহিনীর বেশ কয়েকজন কর্মী খাদ্যে বিষক্রিয়ায় অসুস্থ হয়ে পড়েছেন।

জানা গেছে, তোল্লিগুড়ি হাইস্কুলে থাকা BSF জওয়ানরা গতরাতে খাওয়া দাওয়ার পর অসুস্থ হয়ে পড়েন। ২৮ জন জওয়ানকে হাসপাতলে নিয়ে যাওয়া হলে প্রাথমিক চিকিৎসার পর ১৪ জনকে ছেড়ে দেওয়া হয়। চিকিৎসকরা, খাদ্যে বিষক্রিয়াকেই প্রাথমিক কারণ হিসেবে উল্লেখ করেছেন। পানীয় জল ও খাদ্যের গুণগত মান নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

*************************************************************************

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বাঁকড়া এলাকায় BSF ক্যাম্পে আগুন লাগলে, এক জওয়ানের মৃত্যু হয়েছে। জানা গেছে, ক্যাম্পের ভেতরে স্পিড বোট বা লঞ্চে তেল দেওয়ার কাজ চলার সময়, হঠাত'ই শর্ট সার্কিট থেকে আগুন লেগে যায়। মুহূর্তের মধ্যে তা' গোটা ক্যাম্পে ছড়িয়ে পড়ে। জ্যোতিরাম সিং নামে এক BSF জওয়ান গুরুতর অগ্নিদগদ্ধ হন। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়। দমকল বাহিনী ও হিঙ্গলগঞ্জ থানার পুলিশ, বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

*************************************************************************

রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘ্যভাতা মেটানোর দাবীতে গত ১৩'ই মার্চ যেসমস্ত কর্মীরা বন্‌ধে অংশ নিয়েছিলেন, তাঁদের বেতন কাটা বা অন্য কোনো ব্যবস্থা না নেবার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অমৃতা সিন্‌হার বেঞ্চে দায়ের হওয়া মামলার পরিপ্রেক্ষিতে সংগ্রামী যৌথ মঞ্চ ও সংশ্লিষ্ট পক্ষগুলিকে ৬'সপ্তাহের মধ্যে তাঁদের বক্তব্য জানাতে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ১২'ই মার্চ রাজ্য সরকার এক বিজ্ঞপ্তিতে বন্‌ধে অংশ গ্রহণকারীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছিল।

*************************************************************************

CBSE, এবছর থেকে দশম শ্রেণির পরীক্ষায় মেধাতালিকা প্রকাশ করবে না। ছাত্রছাত্রীদের মধ্যে অস্বাস্থ্যকর প্রতিযোগিতা বন্ধ করতে এই সিদ্ধান্ত বলে কর্তৃপক্ষ জানিয়েছে। এছাড়া প্রথম, দ্বিতীয় বা তৃতীয় ডিভিশনও উল্লেখ করা হবে না।

উল্লেখ্য, জাতীয় শিক্ষানীতি অনুযায়ী এবছর থেকেই সিবিএসই দশম শ্রেণীর পরীক্ষা দুটি ভাগে নিচ্ছে। প্রথম ভাগের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে গতকাল।

দ্বিতীয় ভাগের পরীক্ষা মে মাসের মাঝামাঝি নির্ধারিত রয়েছে। তবে, প্রথম ভাগের পরীক্ষাকেই মূল পরীক্ষা হিসেবে ধরা হবে। CBSE জানিয়েছে, অনুত্তীর্ণরা ছাড়াও মূল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরেও যেসব ছাত্রছাত্রী নিজেদের পারফরমেন্স ভালো করতে চায় তারা দ্বিতীয় ভাগের পরীক্ষায় বসতে পারবে।

************************************************************************

রাজ্যপাল আর এন রবি, CBSE দশম শ্রেণীর পরীক্ষায় ভাল ফলাফলের জন্য পরীক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন।

লোকভবন থেকে জারি করা এক বিবৃতিতে বলা হয়েছে, ছাত্র ছাত্রীদের কঠোর পরিশ্রম, শৃঙ্খলা এবং দৃঢ় সংকল্প, সার্থকতা পেয়েছে। এই রেজাল্ট, শেষ নয়, বরং নতুন যাত্রার সূচনা বলেও মনে করিয়ে দিয়েছেন রাজ্যপাল।

************************************************************************

বাতাসে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় দক্ষিণবঙ্গে আজ ও আগামীকাল বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। কয়েকটি জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার পর্যন্ত দমকা হওয়া বয়ে যেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। এর ফলে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ ও আগামীকাল তাপমাত্রা কিছুটা কমতে পারে।

( বাইট- হাবিবুর রহমান )

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও সকাল থেকেই মেঘলা আকাশ এবং বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যেই হালকা বৃষ্টি শুরু হয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক চার ডিগ্রি বেশি।

************************************************************************

আইএসএল ফুটবলে আজ যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল বেঙ্গালুরু এফসির মুখোমুখি হবে । খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ISL–এ পরপর দু-ম্যাচ জিতে লিগে প্রতিদ্বন্দ্বিতায় ফিরে এসেছে ইস্টবেঙ্গল। ইস্টবেঙ্গল সাত ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করেছে। বেঙ্গালুরুর ৮ ম্যাচে পয়েন্ট ১৪ । তবে গোল পার্থক্যে ইস্টবেঙ্গল চতুর্থ এবং বেঙ্গালুরু পঞ্চম স্থানে রয়েছে।

************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'নারীর কণ্ঠে মহিলা ক্ষমতায়ন'। বিভিন্ন পেশার মহিলাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************************************************************